



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন  
শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, ডেপুটি শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৯৩, ৫৫০৩০০৮০, ৫৫০৩০০৭৬, ৫৫০৩০০৮৩, ৪৮১১৬৬৬৫

Fax : ৪৪-০২-৫৫০৩০০৯২, E-mail : dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website : www.bsti.gov.bd



স্মারক নং: ৩৬.০৫.০০০০.০০৩.১৪.০০৩.২০ | ২৪৭৩ (৩)

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ  
৩১ মে ২০২২ খ্রিস্টাব্দ

প্রাপক

- ১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস আইসিডি কমলাপুর, ঢাকা।
- ৩। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা।
- ৪। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস মোংলা, খুলনা।
- ৫। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস বেনাপোল, যশোর।
- ৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, রাজশাহী।
- ৭। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, সিলেট।
- ৮। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, রংপুর।

**বিষয়: বিএসটিআই'র বাধ্যতামূলক পণ্যের আওতাভুক্ত ও আমদানি নীতি আদেশ (২০২১-২০২৪) অন্তর্ভুক্ত আমদানিকৃত পণ্য খালাসের সময় বিএসটিআই'র ছাড়পত্র গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, জনগুরুত্ব বিবেচনা করে সরকার বিভিন্ন সময়ে এস.আর.ও জারির মাধ্যমে এ পর্যন্ত ২২৯ (দুইশত উনত্রিশ)টি পণ্যকে বিএসটিআই'র বাধ্যতামূলক সিএম লাইসেন্সের আওতাভুক্ত করা হয়েছে। এসব পণ্য বাংলাদেশে বিক্রয়-বিতরণের পূর্বে বিএসটিআই হতে লাইসেন্স/ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক। বাধ্যতামূলক পণ্যের তালিকা বিএসটিআই'র ওয়েবসাইটে দেওয়া আছে। আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ: ২৫(৪৮) এর পরিশিষ্ট-৪ এ ৭৯ (উন আশি)টি পণ্য বিএসটিআই থেকে ছাড়পত্র গ্রহণ করার বাধ্যবাধকতা রয়েছে।

তদসত্ত্বেও কতিপয় পণ্য যথা: পলিয়েস্টার ব্লেন্ড সার্টিং, পলিয়েস্টার ব্লেন্ড স্যুটিং (মিক্সড ফেব্রিক্স), টেক্সটাইল কালার ফাস্টনেস (কাপড়ে রং এর স্থায়িত্ব), ইঞ্জিন অয়েল বা লুব্রিকেটিং অয়েল, ইলেক্ট্রিক আয়রণ, সার্কিট ব্রেকার, এলইডি ল্যাম্প ও হেলমেট পণ্য বিএসটিআই'র ছাড়পত্র গ্রহণ ব্যতীত বিক্রয়-বিতরণ করা হচ্ছে। ফলে নিম্নমানের পণ্য দেশে প্রবেশের সুযোগ রয়েছে। এসব পণ্য বিএসটিআইতে পরীক্ষণের ব্যবস্থা থাকা সত্ত্বেও মান পরীক্ষণ ব্যতীত দেশে প্রবেশ করায় একদিকে ভোক্তা সাধারণ নিম্নমানের পণ্য ক্রয় করে প্রতারণিত হচ্ছেন, অন্যদিকে সরকার রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে।

এমতাবস্থায়, বিএসটিআই'র বাধ্যতামূলক পণ্যের আওতাভুক্ত ও আমদানি নীতি আদেশ (২০২১-২০২৪) অন্তর্ভুক্ত আমদানিকৃত পণ্য বিএসটিআই'র ছাড়পত্র ব্যতীত খালাস না করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ করা যাচ্ছে।

(মোঃ নূরুল আমিন)

পরিচালক (সিএম)

ফোন: ০১৭১২ ৮২৮৬২৭

অনুলিপি:

- (১) পরিচালক, বিএসটিআই বিভাগীয় কার্যালয়, খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
- (২) উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই বিভাগীয় কার্যালয়, বরিশাল/রংপুর/সিলেট।
- (৩) প্রোগ্রামার, আইসিটি সেল, বিএসটিআই, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- (৪) পিএ টু মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]